

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৮৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩৫: স্ত্রীর উপর স্বামীর অধিকার

بَابُ حَقِّ الزَّوْجِ عَلَى الْمَرْأَةِ _ (35)

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم: «أَيُّمَا إِمْراًةٍ مَاتَتْ وَزُوْجُهَا عَنْهَا رَاضٍ دَخَلَتِ الجَنَّةَ»رواه الترمذي وقال حديث حسن.

) ضعيف (.] وفي سنده مجهولان : مساور الحميري وأمه.

বাংলা

৭/২৯২। উম্মু সালামাহ্ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্ত্রীর প্রতি তার স্বামী সম্ভুষ্ট ও খুশি থাকা অবস্থায় কোনো স্ত্রীলোক মারা গেলে সে জান্নাতে প্রবেশ করবে। হাদীসটি ইমাম তিরমিযি বর্ণনা করেছেন এবং বলেছেন এটা হাসান হাদীস।[1]

English

(35) Chapter: Husband's rights concerning his Wife

Umm Salamah (May Allah be pleased with her) reported:

Messenger of Allah (ﷺ) said, "Any woman dies while her husband is pleased with her, she will enter Jannah".

[At-Tirmidhi]

Commentary: The distinction mentioned in this Hadith is for those women who abide by the duties and obligations entrusted to them by Islam and also endeavour to keep their husbands happy. Allah (SWT) will pardon their ordinary acts of omission and commission and admit them to Jannah.

ফুটনোট



[1] আমি (আলবানী) বলছিঃ এর সনদে দু'জন মাজহূল বর্ণনাকারী রয়েছেন। তাদের সম্পর্কে আমি "সিলসিলাহ্ য'ঈফা" গ্রন্থের (১৪২৬) নং হাদীসে আলোচনা করেছি। বর্ণনাকারী মুসাবির আলহিমইয়ারী ও তার মা তারা উভয়ে মাজহূল (অপরিচিত)। ইবনুল জাওয়ী "আলওয়াহিয়ৢাত" গ্রন্থে (২/১৪১) উভয়েকেই মাজহূল আখ্যা দিয়েছেন। আর ইবনু হাজার ছেলে মুসাবির মাজহূল হওয়ার ব্যাপারে স্পষ্টভাবেই উল্লেখ করেছেন। আর তার পূর্বে হাফিয যাহাবী "আলমীযান" গ্রন্থে ছেলে মুসাবির সম্পর্কে বলেনঃ তার ব্যাপারে অজ্ঞতা রয়েছে আর এ হাদীসটি মুনকার। আর তার মা সম্পর্কে বলেছেনঃ তার থেকে ছেলে মুসাবির এককভাবে বর্ণনা করেছেন। অতএব মাও মাজহূলাহ্। তা সত্ত্বেও হাফিয যাহাবী তার "আত্তালখীস" গ্রন্থে ভুল করে ভিন্ন কথা বলেছেন, যে গ্রন্থের মধ্যে বহু সন্দেহযুক্ত কথা উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন